

কলামাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৯
(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেন্টার)

বাংলা

এবিএলিটি এনহ্যান্সমেন্ট কমপালসারি কোর্স

কোর্স : ইউ/এইসিসি/২.১

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৫০

যে কোনও পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

১. নীচের অনুচ্ছেদটি পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলির উত্তর দাও। ১০
- আমরা আধ ঘণ্টা হল আগ্রা ফোর্ট স্টেশন থেকে বান্দিকুইয়ের ট্রেনে চেপেছি। আগ্রায় হাতে তিন ঘণ্টা সময় ছিল। সেই ফাঁকে দশ বছর বাদে আরেকবার তাজমহলটা দেখে নিলাম, আর ফেলুদাও আমাকে তাজের জিয়োমেট্রি সম্পর্কে একটা ছোটখাটো লেকচার দিয়ে দিল।
- গতকাল কলকাতা ছাড়ার আগে একটা জরুরি কাজ সেয়ে নিয়েছিলাম- সেটার কথা এখানে বলে রাখি। তুফান এক্সপ্রেস ছাড়বে সকাল সাড়ে নটায়, তাই আমরা যুম থেকে উঠেছিলাম খুব ভোরে। ছটা নাগাদ চা খাবার পর ফেলুদা বলল, 'একবার তোর সিধু জ্যাঠার ওখানে টু মারতে হচ্ছে। ভদ্রলোকের কাছ থেকে কিছু তথ্য জোগাড় করতে পারলে সুবিধে হবে'।

সিধু জ্যাঠা থাকেন সর্দার শঙ্কর রোডে। আমাদের তারা রোড থেকে হেঁটে যেতে লাগে পাঁচ মিনিট। এখানে বলে রাখি, সিধু জ্যাঠা জীবনে নানারকম ব্যবসা করে অনেক টাকা রোজগারও করেছেন, আবার অনেক টাকা খুইয়েওছেন। আজকাল আর কাজকর্ম করেন না। বইয়ের ভীষণ শখ, তাই গুচ্ছের বই কেনেন, কিছুটা সময় সেগুলো পড়েন, বাকি সময়টা

(Turn over)

(2)

একা একা বই দেখে দাবা খেলেন, আর খাওয়া নিয়ে এক্সপেরিমেন্ট করেন।

এক্সপেরিমেন্টটি হচ্ছে এক খাবারের সঙ্গে আরেক খাবার মিশিয়ে খাওয়া।
 উনি বলেন দইয়ের সঙ্গে অমল্টট মেখে খেতে নাকি অমৃতের মতো
 লাগে। আপনে সম্পর্কে আমাদের কিছুই হন না উনি। আমাদের যে পৈতৃক
 গ্রাম (আমি যাইনি কক্সনও) উনি সে গ্রামেরই লোক, আর আমাদের বাড়ির
 পাশেই ওঁর বাড়ি ছিল। উনি তাই আমার বাবার দাদা আর আমার
 জ্যাঠামশাই।

ওঁর বাড়িতে পৌঁছে দেখি সিধু জ্যাঠা দরজার দিক মুখটার একটা মোড়ার
 উপর বসে নাপিতকে দিয়ে চুল ছাঁটছেন, যদিও মাথার পিছন দিকে
 ছাড়া আর কোথাও চুল নেই তাঁর। আমাদের দেখে মোড়টা পাশ করে
 বললেন, 'বোসো। নারায়ণকে হাঁক দিয়ে বলো চা দেবে।'

একটা তক্তপোশ, দুটো চেয়ার, আর হুয়া বড় বড় তিনটে বইয়ের আলমারি
 ছাড়া ঘরে আর কিছু নেই। তক্তপোশটারও অর্ধেকটা বইয়ে বোঝাই।
 আমরা জানতাম ওই খালি জায়গাটাই সিধু জ্যাঠার জায়গা, তাই আমরা
 চেয়ার দুটোতে বসলাম। ফেলুদা তার ধর-করা মলাট দেওয়া বইটা সঙ্গে
 এনেছিল, সেটা একটা আলমারির একটা তাকের ফাঁকে ঝুঁজে দিল।

- ক. 'ভাজের জিওমেট্রি' বলতে কী বোঝ? ২
 খ. সিধু জ্যাঠার বাড়ি কোথায়? সিধু জ্যাঠার পরিচয় দাও। ১+৩
 গ. এখানে কোন কোন স্টেশনের নাম উল্লেখ আছে? ২
 ঘ. সিধু জ্যাঠার বাড়ির আশ্রয়পত্রগুলির পরিচয় দাও। ২

২. ভূতের গল্পে যে গা ছমছমে ভয়ের ব্যাপার থাকে তার থেকে একেবারেই
 অন্য স্বাদের লীলা মজুদারের ভূতের গল্প। তোমার পাঠ্য অবলম্বনে
 আলোচনা করো।

১০

(3)

৩. শঙ্খ ঘোষের 'ছোট্ট একটা স্কুল' বইটির মধ্যে ছাত্র শিক্ষক সম্পর্কের যে
 পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় আলোচনা করো। ১০

৪. জীবনানন্দ দাশের 'বাংলার মুখ আমি দেখিযাছি' কবিতায় বাংলার যে
 ছবি পাওয়া যায় তা নিজের ভাষায় লেখ। ১০

৫. টিকা লেখো (যে কোনো দুটি) ৫x২=১০

- ক. ক্রিম্যার কাল
 খ. বাংলা ব্যক্তির গঠন
 গ. বাংলা উপভাষা
 ঘ. মৌলিক বাক্য

৬. যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো : ১০

- ক. গ্রাম বনাম শহর
 খ. বইমেলায় একটি সন্ধে
 গ. ফেসবুকের ভালোমন্দ
 ঘ. সাম্প্রতিক বাংলা গান

X